গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-৭)-৮৭৫

তারিখ: ১৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
০১ নভেম্বর, ২০২০ খ্রি.

**বিষয়: বিদেশ গমনেচ্ছু যাত্রীদের কোভিড-১৯ মুক্ত সনদ প্রদানের জন্য বেসরকারি প্রতিষ্ঠানকে অনুমোদন প্রদান।**

সূত্রঃ (i) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৪ অক্টোবর ২০২০ তারিখের ৮২৫ সংখ্যকপত্র;
(ii) সরকারি স্বাস্থ্য ব্যঃ-১ শাখার ০৬ অক্টোবর ২০২০ তারিখের ৬৪ সংখ্যকপত্র;
(iii) সরকারি স্বাস্থ্য ব্যঃ-১ শাখার ১৮ অক্টোবর ২০২০ তারিখে ৮৫৯ সংখ্যকপত্র; এবং
(iv) স্বাস্থ্য অধিদপ্তরের ২১/১০/২০২০ তারিখের ১৩০৯ এবং ২৫/১০/২০২০ তারিখের ১৩২৬ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মতামতের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত (iii)নং ক্রমিকের স্মারকে বর্ণিত ১০টি বেসরকারি RT-PCR ল্যাবের সাথে **(১) স্টিমজ হেলথ কেয়ার বিডি লিঃ, ১১৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা** এবং **(২) গুলশান ক্লিনিক, গুলশান, ঢাকা** বেসরকারি RT-PCR ল্যাবকে বিদেশ গমনেচ্ছুদের কোভিড-১৯ সনাক্তকরণ পরীক্ষা করার জন্য নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

০২। বিদেশ গমনেচ্ছু যাত্রীদের জন্য কোভিড-১৯ মুক্ত সনদ প্রদানের লক্ষ্যে অনুমোদিত বেসরকারি সকল ল্যাবকে নিম্নোক্ত শর্তাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

(ক) বিদেশগামী যাত্রীদের RT-PCR পরীক্ষা বাবদ ইউজার ফি হিসেবে সর্বোচ্চ ৩০০০/- (তিন হাজার) টাকা গ্রহণ করা যাবে;
(খ) কোন বেসরকারি RT-PCR ল্যাব কোন বিমান সংস্থার সাথে কোভিড-১৯ সনদ প্রদানের জন্য বাধ্যতামূলক ল্যাব হিসাবে তালিকাভুক্ত হতে পারবে না;
(গ) বিদেশে বাংলাদেশের সুনাম অক্ষুন্ন রাখার স্বার্থে অত্যন্ত সতর্কতার সাথে কোভিড-১৯ স্যাম্পল সংগ্রহ, পরীক্ষা এবং সঠিক রিপোর্ট প্রদান করতে হবে;
(ঘ) বিদেশগামী যাত্রীদের রিপোর্ট যেন ইমিগ্রেশন কর্তৃপক্ষ ওয়েব সাইটে দেখতে পায় সে জন্য সঠিক তথ্য যথাসময়ে অভিজ্ঞ ডাটা এন্ট্রি অপারেটরদের মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরের DHIS2 সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে;
(ঙ) বিদেশগামী যাত্রীদের পাসপোর্ট ও টিকিটের ফটোকপি যাচাই করে বিমান ছাড়ার ৭২ ঘন্টা সময়ের মধ্যে স্যাম্পল সংগ্রহ করতে হবে এবং বিমান ছাড়ার কমপক্ষে ২৪ ঘন্টা পূর্বে রিপোর্ট প্রদান করতে হবে। কোনক্রমেই ৭২ ঘন্টার আগে স্যাম্পল নেয়া ও টেস্ট করা যাবে না;
(চ) বিদেশগামী যাত্রীদের স্যাম্পল সংগ্রহের জন্য যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক RT-PCR ল্যাব প্রাঙ্গনে আলাদা স্যাম্পল কালেকশন বুথ স্থাপন করতে হবে;
(ছ) অনুমতি প্রাপ্ত RT-PCR ল্যাবসমূহকে IEDCR কর্তৃক Quality Control যাচাইয়ের নিয়ম যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং স্বাস্থ্য অধিদপ্তরের পরিদর্শন টিম কর্তৃক মানোত্তীর্ণ হতে হবে;
(জ) বিদেশগামী যাত্রীদের সহায়তা প্রদান করার লক্ষ্যে একটি হট লাইন নাম্বার চালু করে তা ২৪ ঘন্টা খোলা রাখতে হবে;
(ঝ) RT-PCR পরীক্ষার রিপোর্টে কোনরুপ ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট RT-PCR ল্যাব কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং
(ঞ) উল্লিখিত শর্তসমূহের কোনরুপ ব্যত্যয় হলে স্বাস্থ্য অধিদপ্তর RT-PCR ল্যাবসমূহের কোভিড-১৯ পরীক্ষার অনুমোদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৩। সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখার ১৮/১০/২০২০ তারিখের ৮৫৯নং স্মারকে উল্লিখিত ১০টি বেসরকারি RT-PCR ল্যাব এবং এ পত্রে বর্ণিত ০২টি মোট ১২(বার)টি বেসরকারি RT-PCR ল্যাব হতে প্রদানকৃত কোভিড-১৯ মুক্ত সনদ দেশের সকল বিমানবন্দর, স্থলবন্দর ও নৌবন্দরে প্রদর্শনপূর্বক বিদেশ গমনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১৮ অক্টোবর ২০২০ তারিখে ৮৫৯নং স্মারকের চিঠি।

০১/১১/২০২০
ড. বিলকিস বেগম
উপসচিব
E-mail: ghm1@hsd.gov.bd

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):</u>

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০-(অংশ-৭)-৮৭৫ তারিখ: ০১ নভেম্বর, ২০২০ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):</u>

১। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ সেনানিবাস, ঢাকা।
২। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। জেলা প্রশাসক (সকল)।
৯। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
১০। সিভিল সার্জন (সকল)।
১১। ব্যবস্থাপনা পরিচালক/তত্ত্বাবধায়ক, স্টিমজ হেলথ কেয়ার বিডি লি: রুপায়ন ট্রেড সেন্টার (১২তলা), ১১৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা
১২। ব্যবস্থাপনা পরিচালক/তত্ত্বাবধায়ক, গুলশান ক্লিনিক, গুলশান, ঢাকা।
১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৫। যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।

BBegum 01/11/2020

ড. বিলকিস বেগম
উপসচিব